

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০



(<https://www.ekushey-tv.com/>)

🏠 প্রচ্ছদ / দেশজুড়ে

রাজধানীকে ভিন্ন চিত্রে দেখা যাবে ৩ বছর পর

🕒 প্রকাশিত : ০৪:৪৮ পিএম, ১৫ মে ২০১৭ সোমবার | 🕒 আপডেট: ০৭:০৭ পিএম, ১৫ মে ২০১৭ সোমবার





তিন বছর পর রাজধানীকে ভিন্ন চিত্রে দেখা যাবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। ঢাকা উত্তর সিটির দায়িত্ব গ্রহণের দুই বছর গণমাধ্যমকে এ'কথা বলেন তিনি। আনিসুল হক বলেন, ঢাকাকে পরিচ্ছন্ন, নিরাপদ এবং সবুজ নগরী হিসেবে গড়ার কাজ ঠিকভাবেই এগুচ্ছে।

২০১৫ সালের ১৪ই মে মেয়র হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের দায়িত্ব নেন আনিসুল হক।

দায়িত্ব পালনের দুই বছর পূর্তিতে উন্নয়ন এবং ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরতে গণমাধ্যমের মুখোমুখি হন মেয়র আনিসুল হক। বলেন, দুই বছরে রাস্তা প্রশস্ত অবৈধ স্থাপনা ভেঙ্গে দেয়া, বিলবোর্ড অপসারণ সহ বিভিন্ন কাজ করেছেন।

তবে, এ' কাজ খুব একটা সহজ ছিল না উল্লেখ করে আনিসুল হক বলেন, কোন অপশক্তির কাছে মাথা নত না করে আগামী তিন বছরে বাকী কাজ শেষ করা হবে।

এ' সময় প্রশ্নের উত্তরে আনিসুল হক বলেন, গণমাধ্যমের সহায়তা পেলে অসম্পূর্ণ কাজগুলো দ্রুতই শেষ করতে পারবেন।

আগামীতে যানজট নিরসনে বেশি গুরুত্ব দেয়া হবে বলেও জানান ঢাকা উত্তরের মেয়র।

DNCC News Ekushey Television Ltd 15 05 2017

